Bangladesh

# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ২৯তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।

তারিখ : ০৯-০৯-২০২১ খ্রিঃ ।

সময় : সকাল ১০.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। সভার শুরুতে সিলেট সদর উপজেলা নবাগত উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ তাহমিনা আক্তারকে উপজেলা পরিষদের পক্ষ থেকে বরণ করা হয় এবং সিলেট জেলা পরিষদের চেয়ারম্যান জনাব এডঃ লুতফুর রহমানের মৃত্যতে উপজেলা পরিষদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয় । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি অর্থ বছরে কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় ৪,৫০,০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে ।তিনি চলতি বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় দ্রুত প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন । আলোচনাকালে চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, সিলেট সদর উপজেলার চারটি ইউনিয়ন সিলেট সিটি কর্পোরেশনের অর্ন্তভূক্ত হয়েগেছে । বিধি মোতাবেক সিটি কর্পোরেশনের অর্ন্তভূক্ত এলাকায় প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা যাবে কিনা সে বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতে মতামত গ্রহনের প্রস্তাব করেন । আলোচনাকালে ৭ নং মোগলগাঁও ইউপি চেয়ারম্যান গত বছর গৃহীত এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের মধ্যে তাহার ইউপির ক্রমিক নং ১২ নং প্রকল্প লালারগাঁও টকাইর মিলের সামনে এলজিইডির রাস্তা হতে সায়েম মেম্বারের বাড়ী পর্যন্ত ড্রেইন নির্মাণ এর পরিবর্তে সুনামগঞ্জী রাস্তা হইতে যোগিরগাঁও পশ্চিম পাড়া নজির কুয়াজ আলী, আফরোজ আলী সিরাই গং এর রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন প্রকল্প সংযোজনের প্রস্তাব করেন ।<br>চেয়ারম্যান, কান্দিগাঁও ইউপি জানান, ইউপি নির্বাচন সামনে, যোপাল-সোনাতলা-লামারগাঁও রাস্তা একবার টেন্ডার হয়েছিল পরে আবারো পুনরায় টেন্ডার হয় । একজন প্রতিনিধি রাস্তাটি পরিদর্শনের কথা ছিল সে বিষয়ে এবং উক্ত কাজের সর্বশেষ অবস্থা সম্পর্কে জানতে চান ।<br>উপজেলা প্রকৌশলী জানান উক্ত বিষয় উপজেলা পরিষদের সাথে সম্পৃক্ত নয় সুতরাং এ বিষয়ে কোন কিছু বলতে পারবেন না ।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের নিকট ১৭টি বিভাগ ন্যাস্ত, পরিষদ যেকোন তথ্য চাইলে বিভাগগুলো দিতে বাধ্য । এভাবে চলতে দেয়া যায় না, এভাবেই সরকারের টাকা লুটপাট হচ্ছে। বাংলাদেশে যে সকল উন্নয়ন কাজ হচ্ছে তা মাননীয় | | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>১.২। সিটি কর্পোরেশনের অর্ন্তভূক্ত এলাকায় প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা যাবে কিনা সে বিষয়ে স্থানীয় সরকার বিভাগ হতে মতামত গ্রহণ করতে হবে ।<br>১.৩। মোগলগাঁও ইউপির ক্রমিক ১২ নং প্রকল্প লালারগাঁও টকাইর মিলের সামনে এলজিইডির রাস্তা হতে সায়েম মেম্বারের বাড়ী পর্যন্ত ড্রেইন নির্মাণ এর পরিবর্তে সুনামগঞ্জী রাস্তা হইতে যোগিরগাঁও পশ্চিম পাড়া নজির কুয়াজ আলী, আফরোজ আলী সিরাই গং এর রাস্তা এইচবিবি দ্বারা উন্নয়ন প্রকল্প সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল), সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| ...সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| মহিলা বিষয়ক বিভাগ | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট । |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১ ইং অর্থবছরের বরাদ্দকৃত পানির উৎস স্থাপনের কাজ চলমান। তাছাড়া হাওর অঞ্চলে পানি সরবরাহ স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ ইং অর্থবছরের বরাদ্দকৃত পানির উৎস ও কমিউনিটি ল্যাট্রিন এর স্থান দ্রুত নির্বাচন করা প্রয়োজন। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আবাআকা প্রকল্প |
| বন বিভাগ | বন কর্মকর্তা, উপজেলা বন বিভাগ, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, সিলেট । |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, ১ম ধাপে স্থগিত ইউনিয়ন পরিষদ, পৌরসভা নির্বাচন আগামী ২৮ শে সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে '। সিটি কর্পোরেশনের অর্ন্তভূক্ত ইউনিয়ন পরিষদের নাগরিক সেবা দিতে হবে । স্মার্টকার্ড বিতরণ চলমান আছে প্রতি মঙ্গলবার স্মার্ট কার্ড বিরতণ করা হয় এছাড়া ইউনিয়ন পর্যায়ে তারিখ নির্ধারণ করে স্মার্ট কার্ড বিতরণ করা হবে । তিনি উপজেলা নির্বাচন অফিসে একটি গভীর নলকূপ স্থাপনের প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং গভীর নলকূপ স্থাপনের বিষয়ে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট বলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ১৭ টি কমিটি সভাপতি নির্ধারণ করে দেওয়া হয়েছে যার সদস্য সচিব সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাবৃন্দ । কিন্তু কমিটি গুলো নিয়মিত দ্বি মাসিক সভা আহবান করার কথা । তিনি সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব সহ সকল সদস্যদের তাদের নিজ নিজ দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | ১.১) উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিক দ্বি মাসিক সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ৪ নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির জন্য না থাকায় এ বিষয়ে কোন আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির জন্য না থাকায় এ বিষয়ে কোন আলোচনা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | |
| ৫।মাননীয় উপদেষ্টার | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত | |

| | | | |
|---|---|---|---|
| পরামর্শে | | গৃহীত হয়নি। | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | অস্থায়ী হাটবাজার ইজারা সংক্রান্ত আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ-১০,৭৪৫/-(দশ হাজার সাতশত পঁয়তাল্লিশ)টাকা; জাতীয় শোক দিবস উপলক্ষ্যে-৩৮,৯৬০/- (আটত্রিশ হাজার নয়শত ষাট)টাকা; সম্মানী ভাতা ও বেতন ভাতা বাবদ-১,২৩,০০০/-(এক লক্ষ তেইশ হাজার) টাকা সহ মোট -১,৭২,৭০৫/= (এক লক্ষ বাহাত্তর হাজার সাতশত পাঁচ) টাকার বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১.১। অস্থায়ী হাটবাজার ইজারা সংক্রান্ত আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ-১০,৭৪৫/- (দশ হাজার সাতশত পঁয়তাল্লিশ)টাকা; জাতীয় শোক দিবস উপলক্ষ্যে-৩৮,৯৬০/- (আটত্রিশ হাজার নয়শত ষাট)টাকা; সম্মানী ভাতা ও বেতন ভাতা বাবদ-১,২৩,০০০/- (এক লক্ষ তেইশ হাজার) টাকা সহ মোট -১,৭২,৭০৫/= (এক লক্ষ বাহাত্তর হাজার সাতশত পাঁচ) টাকার বিল সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট জানান, ৫ম ধাপে অবকাঠামো উন্নয়ন খাতে বিভিন্ন ইউনিয়নে সেচ স্কীম (সেচ যন্ত্র ও বারিদ পাইপ) স্থাপন এবং হযরত শাহপরাণ (রঃ) উচ্চ বিদ্যালয়ে লাইব্রেরী ও বিজ্ঞানাগার স্থাপনের প্রস্তাব উপজেলা কমিটি ও প্রকল্প যাচাই বাছাই কমিটিতে অনুমোদিত হয়েছে। তিনি উক্ত প্রস্তাব মাসিক সভায় অনুমোদন পূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য পিএমইউ ইউনিটে প্রেরণের প্রস্তাব করেন। | ১.১ ৫ম ধাপে অবকাঠামো উন্নয়ন খাতে বিভিন্ন ইউনিয়নে সেচ স্কীম (সেচ যন্ত্র ও বারিদ পাইপ) স্থাপন এবং হযরত শাহপরাণ (রঃ) উচ্চ বিদ্যালয়ে লাইব্রেরী ও বিজ্ঞানাগার স্থাপনের প্রস্তাব অনুমোদিত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য পিএমইউ ইউনিটে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ৮। বিবিধ | ১। উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, অডিটরিয়ামের কিছু সংস্কার/মেরামত কাজ করানো জরুরী। তিনি উক্ত সংস্কার/ মেরামত কাজ করানোর প্রস্তাব উপস্থাপন করেন।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সহ উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যান্তরিন গাছের ডালপালা কর্তনের প্রস্তাব উপস্থাপন করেন। | ১। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও অডিটরিয়ামের কিছু সংস্কার/মেরামত কাজ করানো সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সহ উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যান্তরিন গাছের ডালপালা কর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৫৩ (৫০)

তারিখ: ২৩/ ০৯/ ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৭। উপজেলা..............................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৮। চেয়ারম্যান,..............................ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৯। জনাব/বেগম,..............সিলেট সদর, সিলেট।
১০। অফিস নথি।

২৩/০৯/২০২১.

মোছা: তাহসিনা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলা পরিষদের ২৯ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর :- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়। ০[illegible]/০৯/২০২১

| ক্রমিক নং | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মিসবাহ আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ০২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ০৩ | মানিক মিয়া | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত), ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ০৪ | আজির উদ্দিন | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ০৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ০৬ | আফছর আহমদ | চেয়ারম্যান, ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ০৭ | এ এস এম আলী হোসেন | চেয়ারম্যান, ৫নং টুলটিকর ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ০৮ | আলহাজ্ব শাহিদ আহমদ | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ০৯ | হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ১০ | নিজাম উদ্দিন | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ১১ | মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০২, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১২ | মোছা: লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০৩, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১৩ | মঙ্গলা রানী সূত্রধর | সংরক্ষিত মহিলা সদস্য...আসন-০১, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ১৪ | রাকিবুল হাসান | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ১৫ | মো: নুরুল ইসলাম | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৬ | দ্বিজরাজ বর্মন | উপজেলা সিনিয়র মৎস অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ১৭ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৮ | ডা: আহমদ সিরাজুম মুণীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৯ | শাহিনা আক্তার | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (দায়িত্বে সিলেট সদর), সিলেট। | |
| ২০ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২১ | মো: সাইফুল আজম | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। | |
| ২২ | গোলাম রাব্বানী মজুমদার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ২৩ | মোঃ ফারুকুল ইসলাম | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ২৪ | নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ২৫ | নজরুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। | |
| ২৬ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৭ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। | |
| ২৮ | মো: আজহারুল কবীর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৯ | মনোজ কান্তি দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। | |
| ৩০ | প্রিয়ব্রত রায় | শাখা ব্যাবস্থাপক ও উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প, সদর, সিলেট। | |
| ৩১ | রাজীব কুমার দাস | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সিলেট সদর, সিলেট। | |
| ৩২ | মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা,, সিলেট সদর, সিলেট। | Mariam |
| ৩৩ | মোহাম্মদ এমদাদুল হক | উপজেলা নির্বাচন অফিসার , সিলেট সদর, সিলেট। | |